ইনস্টিটিউট অব এ্যালার্জি এন্ড ক্লিনিক্যাল ইমুনোলজি অব বাংলাদেশ (আইএসিআইবি)
মাসিক ই-বুলেটিন ।। ডিসেম্বর ২০২১

## থেলাসেমিয়া বিষয়ক গবেষণা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রানীবিদ্যা বিভাগ ও ইনস্টিটিউট অব এ্যালার্জি এন্ড ক্লিনিক্যাল ইমুনোলোজি অব বাংলাদেশ (আইএসিআইবি) যৌথভাবে থেলাসেমিয়া বিষয়ক গবেষনা কার্যক্রম শুরু করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রানীবিদ্যা বিভাগের ৬৮ জন ছাত্রছাত্রীদের কাছ হতে রক্ত সংগ্রহের মাধ্যমে এ গবেষণা কার্যক্রম শুরু হয় । এভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত ৭ টি কলেজের প্রানীবিদ্যা বিভাগের সকল ছাত্রছাত্রীর রক্ত পরীক্ষা করা হবে । এ গবেষণা পরিচালিত হয় আইএসিআইবি'র অর্ন্তভূক্ত থেলাসেমিয়া হাসপাতাল এন্ড ইনস্টিটিউট, সাভার।

এ গবেষণার মূল লক্ষ্য হলো বাংলাদেমশর যুবক যবতীদের মাঝে থেলাসেমিয়া ব্যপকতা নির্নয় ও তাদের থেলাসেমিয়া ডিজঅর্ডার সম্পর্কে সচেতন করে তোলা। যেহেতু থেলাসেমিয়া একটি জেনেটিক ডিজঅর্ডার সুতরাং সচেতনতা হলো এ সমস্যা সমাধানের একমাত্র পথ। বিয়ের আগে সকল যুবক যুবতীদের রক্ত পরীক্ষা বাধ্যতামূলক করা যাতে কোন থেলাসেমিয়া ক্যারিয়ার যেন অন্য কোন ক্যারিয়ারকে বিয়ে না করে ।

গবেষণা শেষে সুপারিশসহ প্রতিবেদন প্রকাশ করা হবে এবং থেলাসেমিয়া প্রতিরোধে ব্যপক জনসচেতনাতা মূলক কর্মসূচি গ্রহন করা হবে । থেলাসেমিয়া জেনেটিক রোগ বিধায় আইন করে হলেও বিবাহের পূর্বে রক্ত পরীক্ষা বাধ্যতামূলক করা প্রয়োজন ।





## পল্লী চিকিৎসকদের সম্মেলন ও প্রশিক্ষন

বিগত ২৭শে নভেম্বর ২০২১ খ্রিঃ রোজ শনিবার বাংলাদেশ পল্লী চিকিৎসক এ্যাসোসিয়েশনের কেন্দ্রিয় সম্মেলন আইএসিআইবি'র প্রশিক্ষন হলে অনুষ্ঠিত হয় । উক্ত সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আইএসিআইবি'র চেয়ারম্যান প্রফেসর ডাঃ মোয়াজ্জেম হোসেন । বাংলাদেশের বিভিন্ন বিভাগ হতে প্রায় ১৫০জন প্রতিনিধি উক্ত সম্মেলনে উপস্থিত ছিলেন । প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ডাঃ মোয়াজ্জেম হোসেন উল্লেখ্য করেন যে, পল্লী চিকিৎসকগন গ্রাম বাংলার ৮০ শতাংশ মানুষের চিকিৎসা সেবা প্রদান করে থাকে । সুতারাং এদের প্রশিক্ষন ও স্বীকৃতির মাধ্যমে চিকিৎসা সেবার মান উন্নত করা সম্ভব। তিনি বলেন, তিনি একজন বিশেষজ্ঞ চিকিৎসক, কিন্তু তিনিসহ তার পূর্বসূরী সকলের চিকিৎসা হয়েছে পল্লী চিকিৎসকদের মাধ্যমে। তিনি তাদের আধুনিক প্রশিক্ষন প্রদানের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি পল্লী চিকিৎসকদের এ্যান্টিবায়োটিক ও স্টেরয়েড এর অপব্যবহার সম্পর্কে সচেতন হওয়ার পরামর্শ দেন ।

প্রফেসর ডাঃ মোয়াজ্জেম হোসেন মাল্টিমিডিয়া ব্যবহার করে পল্লী চিকিৎকদের রোবটিক টেলিমেডিসিন সম্পর্কে প্রশিক্ষন প্রদান করেন । তিনি যন্ত্রমানব বা রোবট ব্যবহার করে কিভাবে আমেরিকা ইংল্যান্ডসহ বিদেশী ডাক্তারদের সাথে সংযোগ স্থাপন করে চিকিৎসা প্রদান করা যায় তা প্রদর্শন করেন ।

## শিশুদের জন্য তামাকমুক্ত পরিবেশ আন্দোলন

আইএসিআইবি শিশুদের জন্য ধুমপানমুক্ত পরিবেশ তৈরীর জন্য আন্দোলন করে যাচ্ছে । বাংলাদেশে ১৫ বছরের উর্দ্ধে প্রায় ৩৭.৮ মিলিয়ন ( ৩৫.৩%) মানুষ তামাক ব্যবহারের সাথে সম্পৃক্ত। তন্মধ্যে ৬.৯% যুব (ছাত্র ১৩-১৫ বছর বয়সী) তামাক ব্যবহার করছে । ২০২০ সালে ১৬২,০০০ জন লোক তামাক ব্যবহারজনিত রোগে মৃত্যুবরন করে । বর্তমানে প্রায় ১.৫ মিলিয়ন মানুষ তামাক জনিত অসুস্থায় ভুগছে । তাছাড়া প্রায় ৬১,০০০ শিশু ( ১৫ বছরের নীচে) অন্যের ধুমপানের শিকার হয়ে বিভিন্ন রোগে আক্রান্ত হয়েছে। ধুমপানের কবল হতে শিশুদের রক্ষার জন্য আইএসিআইবি সমাজের সকল মানুষের সাথে সম্পৃক্ত হয়ে আন্দোলন চালিয়ে যেতে বদ্ধপরিকর । শিশুদের জন্য ধুমপানমুক্ত একটি পরিবেশ সৃষ্টি এ আন্দোলনের মূল উদ্দেশ্য ।



# যন্ত্রমানব বা রোবটের মাধ্যমে চিকিৎসা

আইএসিআইবি যন্ত্রমানব বা রোবটের মাধ্যমে চিকিসা প্রদান করে যাচ্ছে । আমেরিকা ও ইংল্যান্ডের বিশেষজ্ঞ চিকিসকগন প্রতিদিন বিনা ফিতে চিকিৎসা প্রদান করছেন। বাংলাদেশের বিভিন্ন জেলা হতে মানুষ চিকিৎসা গ্রহনের জন্য সাভার ফাইলেরিয়া ও জেনারেল হাসপাতালে আসছে। উক্ত হাসপাতালের সুদক্ষ ডাক্তার ও নার্সের সহায়তায় যন্ত্রমানবের মাধ্যমে সংযোগ স্থাপন করা হয় বিদেশে অবস্থানরত ডাক্তারদের এবং রোগীদের নিখুত পরীক্ষা নিরিক্ষার মাধ্যমে চিকিৎসা প্রদান করছে । যন্ত্রমানব দ্বারা চিকিৎসা গ্রহন করে একজন রোগী আহ্বাস উদ্দীন অভিব্যক্তি প্রকাশ করেন,‘‘ মনে হলো আমি একজন লন্ডনের ডাক্তারের সামনে বসে চিকিৎসা গ্রহন করলাম।” তিনি আরো বলেন যে, তিনি চিকিৎসা ও পরীক্ষা নিরিক্ষার পদ্ধতি দেখে সন্তুষ্ট এবং স্বল্প মূল্যে বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসকের চিকিৎসা গ্রহন করতে পেরে আইএসিআইব ‘র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।



## আমাদের বিদেশী বিশেষজ্ঞ চিকিৎকগন

ডাঃ পারভেজ ইসলাম
এ্যালার্জি এন্ড ইমুনোলোজি বিশেষজ্ঞ
আমেরিকা ।

ডাঃ জ্যাক ভেরা
হৃদরোগ বিশেষজ্ঞ
আমেরিকা ।

ডাঃ নাসিফা হোসেন শিপ্রা
গ্যারিয়াট্রিশিয়ান
আমেরিকা ।

ডাঃ মিঠু মোল্লা
এডাল্ট মেডিসিন
আমেরিকা ।

ডাঃ লিয়ানা টুরকত
ইন্টারনাল মেডিসিন ও ডার্মাটোলজিস্ট
আমেরিকা ।

ডাঃ আনিসুল ইসলাম
ইন্টারনাল মেডিসিন
আমেরিকা ।

ডাঃ মাহফুজুর রহমান
নেফ্রোলজী বিশেষজ্ঞ
আমেরিকা ।

ডাঃ মোঃ সানুর আলী
চর্মও যৌন, এ্যালার্জি এন্ড ইমুনোথেরাপি
ইংল্যান্ড ।

ডাঃ সায়েদা কবীর তুলি
মনোরোগ বিশেষজ্ঞ
আমেরিকা ।

ডাঃ মাহফুজুর আকন্দ
ফ্যমিলি মেডিসিন
আমেরিকা ।

ডাঃ হালিমা করিম
নিওরোলজিস্ট
আমেরিকা ।


ডাঃ শারমিন জাহান মিতা
মনোরোগ বিশেষজ্ঞ ( শিশু ও কিশোর)
আমেরিকা ।

ডাঃ কাজী পারভিন
শিশুরোগ বিশেষজ্ঞ
আমেরিকা ।

ডাঃ মুসফেকা শরীফ
নেফ্রোলজিস্ট
আমেরিকা ।

ডাঃ মেসকাত উদ্দীন
ইন্টারনাল মেডিসিন
আমেরিকা ।

ডাঃ শক্তি দাস
ইউরোলোজিস্ট
আমেরিকা ।






প্রধান উপদেষ্টাঃ প্রফেসর ডাঃ মোয়াজ্জেম হোসেন, সম্পাদনায়ঃ এস,আর শিকদার, সম্পাদনা সহযোগীঃ মোস্তাকিম আহমেদ রনি, আইএসিআইবি কর্তৃক প্রকাশিত ও প্রচারিত ।
যোগাযোগঃ ফাইলেরিয়া ও জেনালে হাসপাতাল, জিনজিরা, সাভার, ঢাকা । মোবাইলঃ ০১৭৭২৫৪৪৪৬৯, ০১৭৯২৩৯৯১৯৫